দৈনিক বাংলা

তারিখ ... 13 JUN 1990 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৪ ...

22

৭৭

# নিরক্ষরতা দূর করতে ছাত্র সমাজের ভূমিকা চাইঃ কাজী জাফর

প্রধানমন্ত্রী কাজী জাফর আহমদ বলেন, দেশ থেকে নিরক্ষরতার অন্ধকার দূর করতে ছাত্র সমাজকে উল্লেখযোগ্য ভূমিকা পালন কাতে হবে। তিনি মঙ্গলবার গণভবনে জগন্নাথ বিশ্ববিদ্যালয় কলেজ ছাত্র সংসদের

(৫–এর পৃঃ দ্রঃ)

## কাজী জাফর

( প্রথম পৃষ্ঠার পর )

সদস্য ও ছাত্র নেতৃবৃন্দের উদ্দেশে ভাষণ দিচ্ছিলেন।

প্রধানমন্ত্রী দেশ গঠন কাজে অবদান রাখার জন্য নিজেদের প্রস্তুত করতে ছাত্রসমাজের প্রতি আহবান জানান। ছাত্র নেতৃবৃন্দ জগন্নাথ কলেজের ছাত্রদের আবাস, পরিবহণ, গ্রন্থাগার বিজ্ঞাপন গবেষণার ও শিক্ষকদের অপ্রতুলতাসহ বিভিন্ন সমস্যা নিয়ে শিক্ষা মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত প্রধানমন্ত্রীর সঙ্গে আলোচনা করেন।

ছাত্র-সংসদের সহ-সভাপতি মোঃ আলমগীর শিকদার লোটন এবং ছাত্রনেতা মাসুদুল আলম মাসুদ, নিজাম উদ্দিন আহমদ ও আমির হোসেন এ সময় উপস্থিত ছিলেন। খবর তথ্য বিবরণীর।